



শেরে বাংলার অবদান জাতি চিরকাল স্মরণ করবে: মির্জা ফখরুল ইসলাম



শেরে বাংলা এ কে ফজলুল হক ও মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

শেরে বাংলা এ কে ফজলুল হকের অবদান জাতি কখনোই ভুলবে না বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, ন্যায্য অধিকার প্রতিষ্ঠার আন্দোলন এবং সাম্প্রদায়িক সম্প্রীতি গড়ে তোলায় শেরে বাংলার ভূমিকা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

জাতীয় এ নেতার মৃত্যুবার্ষিকী উপলক্ষে রবিবার দেওয়া এক বাণীতে তিনি এসব কথা বলেন। বিএনপির সহ-দপ্তর সম্পাদক মুহম্মদ মুনির হোসেন বিষয়টি গণমাধ্যমে জানান।

বাণীতে মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, শেরে বাংলা এ কে ফজলুল হকের মৃত্যুবার্ষিকীতে আমি গভীর শ্রদ্ধার সঙ্গে তাঁকে স্মরণ করছি। ঔপনিবেশিক শাসনের অন্যায় ও দমননীতির বিরুদ্ধে তিনি সাহসী অবস্থান নিয়েছিলেন, যা তাঁকে ইতিহাসে এক অনন্য উচ্চতায় পৌঁছে দিয়েছে। কৃষক সমাজের স্বার্থ রক্ষায় ঋণ সালিশী বোর্ড প্রতিষ্ঠার মতো উদ্যোগ তাঁর সময়োপযোগী ও যুগান্তকারী পদক্ষেপ ছিল।

তিনি আরও বলেন, বহুমাত্রিক প্রতিভার অধিকারী শেরে বাংলা জাতীয় ইতিহাসে এক গুরুত্বপূর্ণ নাম। দেশ ও জনগণের কল্যাণে তাঁর অবদান তাঁকে চিরস্মরণীয় করে রাখবে। শেষে তিনি মহান এই নেতার আত্মার মাগফিরাত কামনা করেন।